# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 09.06.2024 Time: 7.50 P.M.**

১) প্রবীণ বিজেপি নেতা নরেন্দ্র মোদী টানা তিনবার দেশের প্রধানমন্ত্রী পদে শপথ নিয়েছেন।

প্রধানমন্ত্রীর সঙ্গে ৩০ জন পূর্ণমন্ত্রী, স্বাধীন দায়িত্বপ্রাপ্ত ৫ জন প্রতিমন্ত্রী ও অন্য ৩৬ জন প্রতিমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন।

এরাজ্য থেকে বিজেপি-র রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার ও উত্তর ২৪ পরগনার বনগাঁর সাংসদ শান্তনু ঠাকুর শপথগ্রহণ করেন।

২) কংগ্রেস সংসদীয় দলের নেতা সোনিয়া গান্ধী বলেছেন, সংসদে দলের আসন সংখ্যা উল্লেখযোগ্যভাবে বাড়ার সঙ্গে সঙ্গে গুরুত্বও বৃদ্ধি পেয়েছে।

তৃণমূল কংগ্রেস ফের এন ডি এ সরকারের স্থায়িত্ব নিয়ে প্রশ্ন তুলেছে।

৩) রাজ্য সরকারের সমুদ্রসাথী প্রকল্পের জন্য আবেদনের সময়সীমা ১৫-ই জুলাই পর্যন্ত বাড়ছে।

৪) দক্ষিণবঙ্গের কয়েকটি জেলায় ফের তাপপ্রবাহের পরিস্থিতি শুরু হয়েছে।

oooooooooooooooooooooo

প্রবীণ বিজেপি নেতা নরেন্দ্র মোদি আজ তৃতীয়বারের জন্য দেশের প্রধানমন্ত্রী হিসাবে শপথ নিয়েছেন। আজ সন্ধ্যায় দিল্লীতে রাষ্ট্রপতি ভবনচত্বরে এক অনুষ্ঠানে শ্রী মোদীকে পদ ও মন্ত্রগুপ্তির শপথ পাঠ করান রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু।

বাইট/শপথ

মোদীর নেতৃত্বে কেন্দ্রীয় মন্ত্রিসভায় আরও যে সব মন্ত্রী শপথ নিয়েছেন তাঁদের মধ্যে ৩০ জন পূর্ণমন্ত্রী , স্বাধীন দায়িত্বপ্রাপ্ত ৫ জন প্রতিমন্ত্রী ও ৩৬ জন প্রতিমন্ত্রী। পূর্ণমন্ত্রীদের মধ্যে উল্লেখোযোগ্য হলেন, রাজনাথ সিং, অমিত শাহ, নীতিন গড়করি, এস জয়শঙ্কর, পীযুষ গোয়েল, ধর্মেন্দ্র প্রধান, রাজ্যসভার সাংসদ নির্মলা সীতারামন, জে পি নাড্ডা। মধ্যপ্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী শিবরাজ সিং চৌহান, হরিয়ানার প্রাক্তন মুখ্যমন্ত্রী মনোহরলাল খাট্টার প্রমুখ।

এছাড়া কর্ণাটকের প্রাক্তন মুখ্যমন্ত্রী জে ডি এস সাংসদ H D কুমারস্বামী, বিহারের প্রাক্তন মুখ্যমন্ত্রী – তথা হাম দলের প্রধান জিতেনরাম মনঝি, জে ডি ইউ-র সাংসদ রাজীব রঞ্জন সিং, অসমের প্রাক্তন মুখ্যমন্ত্রী সর্বানন্দ সোনোওয়ালও পূর্ণমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন।

এন ডি এ'র শরিক দলগুলির মধ্যে LJP-র নেতা চিরাগ পাশোয়ান, JDU- এর লালন সিং, আপনা দলের অনুপ্রিয়া প্যাটেল, শিবসেনার শিন্ডে গোষ্ঠীর প্রতাপ রাও যাদব ও রিপাবলিকান পার্টি অফ ইন্ডিয়ার রামদাস আটাওয়ালে, রাষ্ট্রীয় লোকদলের জয়ন্ত চৌধুরীও মন্ত্রিসভায় অন্তর্ভুক্ত হয়েছেন। তেলুগু দেশম পার্টির কিনজারাপু রামমোহন নাইডু ও পেমাস্বামী চন্দ্রশেখরও আজ মন্ত্রী হিসাবে শপথ নেন।

oooooooooooooooooooooooo

এরাজ্য থেকে বিজেপি- রাজ্য সভাপতি, বালুরঘাটের সাংসদ সুকান্ত মজুমদার প্রতিমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেন।

( বাইট – সুকান্ত মজুমদার)

প্রতিমন্ত্রী হিসেবে শপথ নেন উত্তর ২৪ পরগনার বানগাঁ-র সাংসদ শান্তনু ঠাকুর।

(বাইট - শান্তনু ঠাকুর)

oooooooooooooooooooooooo

আজকের শপথ গ্রহণ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, শ্রীলঙ্কার রাষ্ট্রপতি রনিল বিক্রমাসিংঘে, মালদ্বীপের রাষ্ট্রপতি ডক্টর মহম্মদ মুইজ্জু, সেশেলসের উপরাষ্ট্রপতি আহমেদ আফিফ, বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা, মরিশাসের প্রধানমন্ত্রী প্রভিন্দ কুমার জুগনোথ, নেপালের প্রধানমন্ত্রী পুষ্প কমল দহল-প্রচন্ড এবং ভুটানের প্রধানমন্ত্রী শেরিন তোবগে সহ বিভিন্ন দেশের প্রতিনিধিরা।

অনুষ্ঠানে বিশিষ্ট ব্যক্তিদের মধ্যে উপস্থিত ছিলেন উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড়, কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে, জে ডি ইউ সভাপতি নীতিশ কুমার, অন্ধ্রপ্রদেশের ভাবী মুখ্যমন্ত্রী এন চন্দ্রবাবু নায়ডু। এছাড়া, শিল্প, চলচ্চিত্র ও সমাজের বিভিন্ন ক্ষেত্রের বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

শপথ গ্রহণের আগে আজ সকালে শ্রী মোদি দিল্লির রাজঘাটে মহাত্মা গান্ধীর সমাধিতে শ্রদ্ধা নিবেদন করেন। জাতীয় যুদ্ধ স্মারকে পুষ্পস্তবক অর্পন করেন তিনি। সদৈব অটলে গিয়ে প্রাক্তন প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ীর প্রতিও শ্রদ্ধা নিবেদন করেন।

উল্লেখ্য, জওহরলাল নেহেরুর পর নরেন্দ্র মোদীই পরপর তিনবার প্রধানমন্ত্রী পদে আসীন হলেন।

এদিকে, শপথ গ্রহণ অনুষ্ঠানের পর রাষ্ট্রপতি ভবনে নৈশভোজের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানকে ঘিরে দিল্লি পুলিশ কড়া নিরাপত্তার বন্দোবস্ত করেছে।

oooooooooooooooooooooooo

কংগ্রেসের সংসদীয় দলের নেতা সোনিয়া গান্ধী আজ বলেছেন, সংসদে দলের আসন সংখ্যা উল্লেখযোগ্যভাবে বাড়ার সঙ্গে সঙ্গে গুরত্বও বৃদ্ধি পেয়েছে । পার্টির সংসদীয় দলের বৈঠকে তিনি বলেন, লোকসভায় নিজেদের সংখ্যা বাড়ার পাশাপাশি ইন্ডিয়া জোটের বাড়তি আসন প্রাপ্তি কংগ্রেসকে মজবুত করেছে। ভারত জোড়ো যাত্রা ও ভারত জোড়ো ন্যায় যাত্রার জনপ্রিয়তা নির্বাচনী সাফল্যের অন্যতম কারণ বলে তিনি উল্লেখ করেন।

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর পর ফের এন ডি এ সরকারের স্থায়িত্ব নিয়ে আজ প্রশ্ন তুলেছেন দলের নেতা কুনাল ঘোষ ।

(বাইট- কুনাল)

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের ভোট পরবর্তী হিংসা অব্যাহত।

মালদার মানিকচক থানার গোপালপুর গ্রাম পঞ্চায়েতের জেশারতটোলা এলাকায় এক কংগ্রেস কর্মীকে পিটিয়ে খুন করার অভিযোগ উঠেছে শাসকদল তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। অভিযোগের তীর সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের প্রধান সহ বেশ কয়েকজন তৃণমূল কর্মীর দিকে। আকমাল শেখ নামে ঐ কংগ্রেস কর্মীকে ভোটের ফল ঘোষণার পর থেকেই নানাভাবে হুমকি দেওয়া হচ্ছিল বলে পরিবারের অভিযোগ। গতকাল তাকে একা পেয়ে মারধর করা হয়। আশঙ্কাজনক অবস্থায় মালদা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হলে গভীর রাতে আকমালের মৃত্যু হয়।

এদিকে, দলীয় কর্মী খুনের ঘটনায় তৃণমূল কংগ্রেস ও পুলিশ প্রশাসনের বিরুদ্ধে সোচ্চার জেলা কংগ্রেস নেতৃত্ব। ঘটনায় মূল অভিযুক্ত

তৃণমূল কংগ্রেসের অঞ্চল সভাপতি শেখ নাসিরকে অবিলম্বে গ্রেপ্তার এবং মানিকচক থানার আইসিকে বদলির দাবি জানিয়েছেন জেলা কংগ্রেসের সহ সভাপতি মোত্তাকিন আলম ও দক্ষিণ মালদায় জয়ী কংগ্রেস প্রার্থী ঈশা খান চৌধুরী।

কংগ্রেসের তোলা অভিযোগ অবশ্য অস্বীকার করেছে জেলার তৃণমূল নেতৃত্ব। জেলায় দলের মুখপাত্র আশিস কুন্ডুর দাবি, পুরনো পারিবারিক বিবাদের জেরে এই খুন। এর পেছনে কোনো রাজনৈতিক কারণে নেই।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকারের সমুদ্র সাথী প্রকল্পের জন্য আবেদনের সময়সীমা ১৫ ই জুলাই পর্যন্ত বাড়ছে। রাজ্যের মৎস্য দফতরের তরফে জানানো হয়েছে লোকসভা নির্বাচনের আদর্শ আচরণবিধি জারি থাকার জন্য বহু মানুষ ঐ প্রকল্পে আবেদন জানাতে পারেননি। বিষয়টি নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ক্ষোভ প্রকাশ করেন। এরপরেই তিনি ওই প্রকল্পের আবেদনের সময়সীমা বাড়ানোর নির্দেশ দেন। আচরণবিধি প্রত্যাহার হওয়ার পরেই ওই প্রকল্পে আবেদনের সময়সীমা বাড়ানো সংক্রান্ত বিজ্ঞপ্তি জারি করেছে মৎস্য দপ্তর।

উল্লেখ্য, রাজ্যের তিন উপকূলবর্তী জেলা উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা এবং পূর্ব মেদিনীপুরের সামুদ্রিক মৎস্যজীবীদের জন্য এই প্রকল্প গত এপ্রিল মাস থেকে চালু হয়েছে। ১৫ এপ্রিল থেকে ১৪ জুন পর্যন্ত সমুদ্রে মাছ ধরতে যাওয়ার উপর নিষেধাজ্ঞা থাকে। এই প্রকল্পের আওতায় এই সময় তাদের মাসে পাঁচ হাজার টাকা করে মোট ১০ হাজার টাকা অর্থ সাহায্য দেওয়া হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম বর্ধমানের রানিগঞ্জে একটি নামী সোনার দোকানে ভয়াবহ ডাকাতির পর আসানসোল দক্ষিণ থানার মহিশীলার চক্রবর্তী মোড়ে গুলি চালিয়ে এক ব্যক্তির চার চাকা গাড়ি ছিনতাই করে দুষ্কৃতিরা চম্পট দিলে এলাকায় চাঞ্চল্য ছড়ায়।

পুলিশ সূত্রে জানা গেছে, ওই গাড়ির আরোহী এক মহিলা ও একটি শিশুকে জোর করে গাড়ি থেকে নামিয়ে দিয়ে গাড়ি নিয়ে চম্পট দেওয়ার সময় চালক নয়ন দত্তকে গুলি করে।

দুষ্কৃতিদের গুলিতে নয়ন দত্ত ও এক পথচারী প্রবাল স্যানাল আহত হন। হাসপাতালে চিকিৎসাধীন নয়ন দত্ত জানিয়েছেন, তারা গাড়িতে করে দুর্গাপুর থেকে এক অনুষ্ঠানে বাড়িতে যোগ দিতে আসানসোলে আসার সময় চার দুষ্কৃতি তাদের গাড়ি থামিয়ে হাসপাতালে ছেড়ে দেওয়ার কথা বলে। নয়ন দত্তের সঙ্গে পরিবার থাকায় তিনি দুষ্কৃতিদের কথায় রাজি না হওয়ায় তারা তাকে লক্ষ্য করে গুলি চালায় বলে অভিযোগ।

দিনে-দুপুরে এই ডাকাতির ঘটনায় স্থানীয় ব্যবসায়ী ও সাধারণ মানুষের মধ্যে আতঙ্ক ছড়িয়েছে।

দুষ্কৃতিদের সন্ধানে পুলিশ ঝাড়খন্ড সীমানায় নাকাচেকিং চলাচ্ছেন।

oooooooooooooooooooo

শিয়ালদহ মেন ও নর্থ সেকশনে ১২ কোচের EMU ট্রেন চালানোর জন্য কিছু পরিকাঠামোগত পরিবর্তনের জরুরি কাজ নির্ধারিত সময়ের দু ঘণ্টার আগে দুপুর বারোটায় শেষ হওয়ায়, শিয়ালদহ মেন সেকশনের এক থেকে পাঁচ নম্বর প্লাটফর্মে EMU ট্রেন চলাচল শুরু হয়েছে বলে রেল সূত্রে

জানা গেছে। কোন কোন ট্রেনের যাত্রাপথে কিছুটা সময় বিলম্বিত হওয়ার সম্ভাবনা রয়েছে বলে রেলের তরফে জানানো হয়েছে।

নতুন করে আজ কোনো ট্রেন বাতিল করা হয়নি এবং আগামীকাল ভোর থেকে ট্রেন চলাচল স্বাভাবিক হতে শুরু করবে বলে শিয়ালদা ডিভিশন সূত্রে দাবি করা হয়েছে।

পূর্ব রেলের কর্মী, আধিকারিক মিলিয়ে প্রায় চারশো জন কর্মীর দিনরাত অক্লান্ত পরিশ্রমের ফলে এই কাজ নির্দিষ্ট সময়ের আগেই সম্পন্ন করা সম্ভব হয়েছে বলে পূর্ব রেলের সিপিআরও এক প্রেস বিজ্ঞপ্তিতে জানিয়েছেন।

oooooooooooooooooo

কলকাতা সহ দক্ষিণবঙ্গে অস্বস্তিকর ও ভ্যাপসা গরমে নাজেহাল মানুষ। আর্দ্রতাজনিত কারণে অস্বস্তিও বেশি অনুভূত হচ্ছে।

দক্ষিণবঙ্গের কয়েকটি জেলায় ফের তাপপ্রবাহের পরিস্থিতি শুরু হয়েছে। হাওড়া, বর্ধমান, বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর, বীরভূম ও পুরুলিয়া জেলার কোন কোন অংশে স্বাভাবিকের ৪ থেকে ৮ ডিগ্রীর বেশি তাপমাত্রা রেকর্ড করা হয়।

পানাগড়ে তাপমাত্রা রেকর্ড করা হয় ৪৪ দশমিক ১ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা আট দশমিক চার ডিগ্রী বেশি। কলাইকুন্ডায় তাপমাত্রা ৪৩ দশমিক নয়, বাঁকুড়ায় ৪২ দশমিক তিন, শ্রীনিকেতনে ৪১ ও পুরুলিয়াতে ৪২ দশমিক সাত ডিগ্রী সেলসিয়াস।

এদিকে, কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৯ দশমিক ২ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা ৪ দশমিক ৭ ডিগ্রী বেশি।

তবে, কবে বর্ষা আসবে তা নিয়ে কোন আশারবাণী শোনাতে পারেনি আবহাওয়া দফতর। দক্ষিণবঙ্গে আগামী দু-দিন তাপমাত্রা ১ থেকে ২ ডিগ্রী বৃদ্ধি পেতে পারে।

oooooooooooooooooo

ooooooooooooooooooo

oooooooooooooooooo